আমার দোসর যে জন ওগো তারে কে জানে।
একতারা তার দেয় কি সাড়া আমার গানে কে জানে ॥
আমার নদীর যে ঢেউ
ওগো জানে কি কেউ
যায় বহে যায় কাহার পানে। কে জানে ॥
যখন বকুল ঝ'রে
আমার কাননতল যায় গো ভ'রে
তখন কে আসে-যায়
সেই বনছায়ায়,
কে সাজি তার ভরে আনে। কে জানে ॥

---

Parjaay: Prem, Taal: Dadra-Khemta, Raag: Pilu

Visit www.geetabitan.com for notation and other detail